



পারকিনসন্স রোগে ইনফিউশন থেরাপি: রোগীদের জন-অত-বশ-কীয় তথ-বলী

পারকিনসন্স রোগে ঔষধের ভূমিকা কী?

পারকিনসন্স রোগীদের মডুলে যথেষ্ট পরিমাণ ডোপামিন নামক রাসায়নিক পদার্থ থাকে না। ঔষধ পারকিনসন্স রোগের লক্ষণসমূহ কমাতে সহায়তা করে। অধিকাংশ ঔষধ দিনে বেশ কয়েকবার মুখে গ্রহণ করতে হয়। প্রথম যখন আপনি ঔষধ গ্রহণ শুরু করেন, তখন ঔষধের প্রভাব সাধারণত সারাদিন বজায় থাকে; যাহোক পারকিনসন্স রোগ বৃদ্ধি পাবার সাথে সাথে আপনি লক্ষ্য করে থাকবেন যে পরবর্তী ডোজ নেবার পূর্বেই ঔষধের কার্যকারিতা কমে গেছে। এটাকে বলা হয় “উইয়ারিং অফ” (Wearing OFF)। যখন “OFF” বা “বন্ধ” সময়, তখন পারকিনসন্স রোগের লক্ষণসমূহ যেমন কম্পন, ধীরগতি এবং চলাচলে অসুবিধা ফেরত আসে। যখন ঔষধ গ্রহণ করা হয় তখন “ON” বা “চালু” সময়, লক্ষণসমূহ কমে যায়। এর ফলে ঔষধ বার বার নিতে হয় এবং রোগের লক্ষণসমূহের উপরে নিয়ন্ত্রণ ক্ষমতা কমে যায়।

পারকিনসন্স রোগের চিকিৎসায় ইনফিউশন থেরাপি কী?

ইনফিউশন থেরাপি এক ধরনের চিকিৎসা যেখানে ড্রুকের নিচে ছোট সুই দিয়ে অথবা নলের (Catheter) মাধ্যমে আপনার ক্ষুদ্রান্ত্রে ঔষধ প্রবেশ করানো হয়। এর মাধ্যমে সারাদিন নিরবিচ্ছিন্নভাবে ঔষধ প্রদান করা যায়। লিভোডোপা (Levodopa) বং অ-পোমরফিন (Apomorphine) হচ্ছে এই চিকিৎসায় ব্যবহৃত দুটি ঔষধ যা মডুলে ডোপামিন এর ঘাটতি পূরণ করে থাকে।

- **লিভোডোপা:** এই ঔষধটি মডুলে ডোপামিন এর রূপান্তরিত হয়। এটি পারকিনসন্স রোগে সবচেয়ে ব্যবহৃত ঔষধ। এটি (OFF) সময় কমাতে “ইনফিউশন থেরাপি” চিকিৎসায় ক্ষুদ্রান্ত্রে “লিভোডোপা/ কার্ভিডোপা (LCIG) আন্ত্রিক জেল আকারে ব্যবহার করা হয়।
- **অ-পোমরফিন** এই ঔষধটি ডোপামিন এর অনুরূপ মডুলের কোষের ওপর কাজ করে। এটা চামড়ার নিচে একবার ইনজেকশন আকারে অথবা নিরবিচ্ছিন্নভাবে প্রদান করা যায়। এটা OFF সময় কমাতে সাহায্য করে।

LCIG ও অ-পোমরফিন উভয় ঔষধ নলযুক্ত বাহি-ক-বহনযোগ্য পাম্প সংরক্ষিত থাকে। LCIG পাম্পনল ক্ষুদ্রান্ত্রে যুক্ত নল এর সঙ্গে সংযুক্ত করা হয় যা লিভোডোপা সরবরাহ করে। অ-পোমরফিন পাম্প নলটি ড্রুকের নিচে পাতলা সূঁচের মাধ্যমে প্রদান করা হয় যা আঠা দিয়ে ড্রুকের নিচে সংযুক্ত থাকে।

ইনফিউশন থেরাপি ব্যবহার করবেন কেন?

যখন আপনি “wearing off” এ ভোগেন তখন আপনার মডুলের কোষ লিভোডোপা শোষণ অথবা সঞ্চয় করতে পারে না। এর ফলে আপনি আপনার রোগের লক্ষণসমূহ নিয়ন্ত্রণ করতে পারেন না এবং আপনাকে দিনের বেলা বারবার ঔষধ গ্রহণ করতে হয়। ইনফিউশন থেরাপি অবিরতভাবে ঔষধ প্রদান করে এবং ধারাবাহিক ও নির্ভরযোগ্যভাবে রোগের লক্ষণসমূহ উপশম করে। ইনফিউশন থেরাপি বারবার মুখে ঔষধ গ্রহণ করার প্রয়োজনীয়তা কমিয়ে দেয়। ইনফিউশন থেরাপি মুখের দীর্ঘমেয়াদী বড়ি এবং প্যাচ (Patch) এর চেয়ে অধিকতর কার্যকর।

কঠিনও রেত্রো এই ডচডকজগঠ ঙ্গডডত ডউডেচইঠ কওঠ উডচত?

ইনফিউশন থেরাপি বিবেচনা করা হয় যখন মুখে গৃহীত ঔষধের কার্যক্ষমতা থাকে কিন্তু সময়সীমা কমে যা (Wearing off) অথবা ঔষধের কারণে ডিসকাইনেশিয়া (অতিরিক্ত ঔষধ গ্রহণের ফলে শারীরিক অনিয়ন্ত্রিত নড়াচড়া বৃদ্ধি) হয়। ইনফিউশন থেরাপি শুরু করার আগে অধিকাংশ রোগী সাধারণতঃ মুখে গৃহীত বিভিন্ন ঔষধ বা প্যাচ (Patch) চিকিৎসা করে থাকেন।

এটা মনে রাখা জরুরী, যদি মুখে খাবার ঔষধ সেবনে রোগের লক্ষণ বিন্দুমাত্র উন্নতি না হয় তাহলে ইনফিউশন থেরাপির কথা বিবেচনা করা যাবে না।

কোথায় এই চিকিৎসা দেয়া হয়?

সাধারণত এই চিকিৎসা হাসপাতালে ভর্তি অস্থায়ী অথবা কখনও কখনও বহিঃবিভাগ ক্লিনিকে শুরু করা হয়ে থাকে LCIG বা স্থায়ী, ডাক্তার আপনার অন্ত্রে একটি নল প্রবেশ করিয়ে চিকিৎসা শুরু করে থাকেন। অ-পোমরফিন চিকিৎসায় আপনাকে কয়েক দিন হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিতে হতে পারে অথবা বহিঃবিভাগেও এ চিকিৎসা নেয়া যেতে পারে। ইনফিউশন থেরাপি সাধারণত সকালে শুরু হয়ে রাতে শেষ হয়। প্রথম কয়েক মাস ঔষধ এর মাত্রা সমন্বয় করতে ডাক্তার বা নার্স আপনাকে সহায়তা করবেন

এই চিকিৎসা পদ্ধতির মূল সীমাবদ্ধতা কি এবং কি কি জটিলতা হতে পারে?

- ইনফিউশন থেরাপি সারা বিশ্বে সহজলভ্য নয়; কিছু কিছু দেশে এই চিকিৎসা রয়েছে।
- বড়ি ও প্যাচ চিকিৎসার চেয়ে এই চিকিৎসা অনেক ব্যবহৃত যা এর সহজলভ্যতা সীমিত করেছে।
- চিকিৎসা বা স্থায়ী পাইপের জন-দরকার সেবাদানকারীর সহজলভ্যতা, প্রশিক্ষণ ও সহায়তা।
- LCIG টিউব যখন ঢুকানো হয় তখন কারিগরি সমস্যা হতে পারে।
- চামড়ার পার্শ্ব-প্রতিক্রিয়া অ-পোমরফিন চিকিৎসাকে জটিল করতে পারে।

LCIG এবং অ-পোমরফিন চিকিৎসায় পারকিনসন্স রোগের অন্যান্য ঔষধের অনুরূপ পার্শ্ব-প্রতিক্রিয়া রয়েছে, যেমন:-

- বমি ভাব
- তন্দ্রা ভাব
- নিদ্ৰ রক্তচাপ
- বিভ্রান্তি
- মতিভ্রংশ (Hallucination)

বিশেষ করে, যদি অন্যান্য চিকিৎসায় সমস্যা হয়ে থাকে, তবে এই লক্ষণসমূহ হয়।